



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : iprd@bou.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

প্রেস বিজ্ঞপ্তি

তারিখ : ১৭ ডিসেম্বর ২০২৩

বাউবিতে “স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ : বিজয় দিবসের প্রত্যাশা” শীর্ষক জুম ওয়েবিনার

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির আয়োজনে এবং বাউবির সহায়তায় ১৬ ডিসেম্বর ২০২৩ শনিবার সন্ধ্যা ৭:৩০ টায় বিজয় দিবস উপলক্ষ্যে জুম ওয়েবিনারে “স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ : বিজয় দিবসের প্রত্যাশা” শীর্ষক এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জুম আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে সংযুক্ত হয়ে বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার তার বক্তব্যের শুরুতে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারবর্গ এবং দেশের জন্য আত্মত্যাগকারী ও সূর্য সন্তানদের শ্রদ্ধাভরে স্মরণ করেন, যারা আমাদের এনে দিয়েছে আজকের স্বাধীন বাংলাদেশ। তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারবর্গের দূরদর্শী সম্পন্ন নেতৃত্বের ও আত্মত্যাগের কথা উল্লেখ করেন। তিনি বলেন বঙ্গবন্ধু পুরো বাঙালি জাতিকে স্বাধীনতার জন্য উদ্বুদ্ধ করেছিলেন ৭ মার্চের ভাষণের মাধ্যমে। দেশে একটি গোষ্ঠী রয়েছে তারা যেমনি স্বাধীনতাকে স্বীকার করতে চায়না তেমনি উন্নয়নকেও স্বীকার করতে চায়না। জাতির পিতাকে যারা অস্বীকার করে তারাই সেই গোষ্ঠী এবং বিদেশি রাষ্ট্রকে বিভ্রান্ত করছে। তিনি সুবিধাবাদী শ্রেণী থেকে সাবধান থাকার আহবান জানান। বিদেশীদের মাধ্যমে যারা ক্ষমতায় আসতে চায় তাদের মধ্যে দেশের উন্নয়নের কোন ভিশন নেই। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা নেতৃত্বে আছেন বলেই অনেক মহাপরিকল্পনা বাস্তবায়ন হচ্ছে এবং বাকি প্রকল্পগুলো দৃশ্যমান হবে। মাননীয় প্রধানমন্ত্রীর হাতকে শক্তিশালী করলে আগামী একদশকে বাংলাদেশের উন্নয়ন বিশ্বে রোল মডেল হিসেবে চিহ্নিত হবে। স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নের মাধ্যমে ডেল্টা প্ল্যান বাস্তবায়নের দিকে দাবিত হচ্ছে দেশ।



তিনি আরও বলেন প্রান্তিক পর্যায় পর্যন্ত নেটওয়ার্ক এবং শিক্ষার সকল সুবিধা বাউবিতে রয়েছে ফলে আমরা সঠিক পরিকল্পনা নিয়ে কাজ করে গেলে সরকারের স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বাউবি চিহ্নিত হয়ে থাকবে। বাউবির শিক্ষা কার্যক্রমে কৃষি ও শিল্প উন্নয়নে উদ্যোগতা তৈরির কথা উল্লেখ করেন। তাদের মাধ্যমে দেশের অর্থনীতির উন্নয়ন হবে। কর্মমুখী এবং উচ্চ শিক্ষা গ্রহণের মাধ্যমে ডেল্টাপ্ল্যান বাস্তবায়িত হবে। আমাদের শিক্ষা কার্যক্রমে পরিবর্তন এনে কর্মমুখী শিক্ষার ওপর জোর দিয়ে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে অবদান রাখতে হবে। নতুন বছরের শুরুতেই সেই প্রত্যয় নিয়ে সবাইকে কাজ করার আহবান জানান উপাচার্য।

ওয়েবিনারে আরও বক্তব্য রাখেন বাউবির উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল ও রেজিস্ট্রার ড. মহাঃ শফিকুল আলম।

বাউবির শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক মোঃ আনোয়ারুল ইসলাম এর সভাপতিত্বে জুম ওয়েবিনারে আলোচক হিসেবে সংযুক্ত ছিলেন বাউবির ওপেন স্কুলের অধ্যাপক ড. ইকবাল হুসাইন, সহযোগী অধ্যাপক মোঃ আনোয়ারুল ইসলাম ও সহযোগী অধ্যাপক ড. মোঃ শহীদুর রহমান এবং স্কুল অব এডুকেশনের সহযোগী অধ্যাপক আবু নাসের মোঃ তোফায়েল হোসেন। আলোচকবৃন্দ বাউবির একাডেমিক কার্যক্রম, বহিঃবাংলাদেশ শিক্ষাকার্যক্রম, যোগোপযোগী শিক্ষা প্রোগ্রাম চালু, প্রোগ্রাম সংখ্যা বৃদ্ধি, ডি-নথির ব্যবহার, সরকারের উন্নয়ন, মেগাপ্রকল্প, স্মার্ট অর্থনীতি, শিক্ষা, রাজনীতি, স্বাস্থ্য, নারীর ক্ষমতায়ন, তথ্য প্রযুক্তিতে নারীদের সমভাবে অংশগ্রহণ, প্রযুক্তিগত উন্নয়ন ও উদ্ভাবন, শিক্ষার উন্নয়ন, জিডিপি বৃদ্ধিসহ নানা বিষয় নিয়ে বিশদ আলোচনা করেন। ওয়েবিনার সঞ্চালনা করেন বাউবির শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. মোঃ আব্দুস সাত্তার। ওয়েবিনারে বাউবির শিক্ষক, কর্মকর্তা, কর্মচারি, শিক্ষার্থী এবং টিউটরগন সংযুক্ত ছিলেন।

স্বাক্ষর

(ড. আ.ফ.ম. মেজবাহ উদ্দিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)